

বিজ্ঞপ্তি

প্রতি বছরের ন্যায় ১৯৯৮ শিক্ষাবর্ষেও প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বছর প্রায় ছয় কোটি নতুন বই ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে সঠিক চাহিদা না দেয়ার কারণে যে সব স্কুলে শিশুদের হাতে বই এখনো পৌঁছেনি, সে সব স্কুলে বই সরবরাহ করার জন্য থানা ও জেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের ইতোমধ্যেই নির্দেশ দেয়া হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি এখনো চলছে এবং তা ৩১শে মার্চ পর্যন্ত চলবে। নতুন ভর্তির পরও যদি অতিরিক্ত বইয়ের প্রয়োজন হয় তাও মেটানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে।

২। বিনামূল্যের বই বাজারে বিক্রি সম্পর্কে কিছু কিছু অভিযোগ পাওয়া যাচ্ছে। বিনামূল্যে পাঠ্যবই অবৈধভাবে সংগ্রহ, মজুদ ও বিক্রয় আইনতঃ নিষিদ্ধ এবং দণ্ডনীয় অপরাধ। বিনামূল্যের পাঠ্য বইগুলিতে “বিনামূল্যে বিতরণের জন্য” কথাটি মুদ্রিত আছে। বিনামূল্যের বই বিক্রির ঘটনা জানা মাত্র তৎক্ষণাৎ থানায় সরকারী সম্পত্তি চুরির অভিযোগ দায়ের করার জন্য সকলকে পরামর্শ দেয়া হচ্ছে।

ডিএফপি-৬৭৭৫-২৯/৩/৯৮

স-৯৬২ (৫ X ২)

Tender-Y (30-3) HD-5

মোসাঃ ইসমত আরা জাহান

সিনিয়র সহকারী সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ।